

ঝালকাঠি জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মার্চ/২০১৬ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মিজানুল হক চৌধুরী, জেলা প্রশাসক, ঝালকাঠি

স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, ঝালকাঠি

তারিখ : ১৪ মার্চ, ২০১৬

সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- "ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঝালকাঠি ফেব্রুয়ারি/১৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোনরূপ সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। বিভিন্ন বিভাগের বাস্তবায়নাবীন প্রকল্পসমূহের অগ্রগতিসহ জেলার উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে পৃথকভাবে বিস্তারিত আলোচনা করার জন্য সকলকে অনুরোধ করা হয়। সভায় বিভাগভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রং	আলোচনা	সিদ্ধান্ত
১.	<p><b>পুলিশ বিভাগ :</b> পুলিশ সুপার, ঝালকাঠি সভায় জানান, এ জেলায় কর্মরত পুলিশ বাহিনী আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করছে। ফলে জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। সম্প্রতি নলছিটিতে অস্ত্রসহ ডাকাত দলকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশের স্বাভাবিক সকল কার্যক্রম ও তৎপরতা অব্যাহত আছে এবং ভবিষ্যতে তা অব্যাহত থাকবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। আসন্ন পৌরসভা ও ইউপি নির্বাচনে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সকল কার্যক্রম গৃহীত হয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া অফিস নিরাপদ রাখার লক্ষ্যে তিনি সকল অফিস প্রধানগণকে সতর্ক থাকার পরামর্শ দেন।</p>	<p>১. আসন্ন নির্বাচনকালীন সময়ে জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে বিশেষ তৎপরতা গ্রহণ করতে হবে। ২. স্বাভাবিক কার্যক্রমসহ রেজিস্ট্রেশনবিহীন যানবাহন ও মাদকদ্রব্যের বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখতে হবে। ৩. সকল সরকারি অফিসের নিরাপত্তার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে।</p> <p><b>বাস্তবায়নে :</b> ১. পুলিশ সুপার, ঝালকাঠি / বিভাগীয় প্রধান (সকল) ২. উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর/ নলছিটি/ রাজাপুর/ কাঠালিয়া উপজেলা ৩. সহকারীকমিশনার(ভূমি), ঝালকাঠি সদর/নলছিটি/রাজাপুর/ কাঠালিয়া উপজেলা</p>
২.	<p><b>স্বাস্থ্য বিভাগ :</b> সিভিল সার্জন, ঝালকাঠি এর প্রতিনিধি সভায় জানান যে, ঝালকাঠি জেলায় ফেব্রুয়ারি/২০১৬ মাসে বহির্বিভাগে ১০,৫৪২ জন এবং অন্তঃবিভাগে ৯৮২ জন রোগীকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। জেলায় চালু ৮৬টি কমিউনিটি ক্লিনিকে বহির্বিভাগে ৩৩,৪৫৮ জনকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। জেলায় ই পি আই কার্যক্রমের আওতায় ১৪,৪৩৪ জন শিশুকে বিভিন্ন টিকা এবং ৪,৯৫২ জন মহিলাকে টি টি টিকা প্রদান করা হয়েছে এবং বিভিন্ন বিভাগে ৬৮টি অপারেশন করা হয়েছে। সদর হাসপাতালটি দীর্ঘ দিন পর্যন্ত সংস্কারের অভাবে জরাজীর্ণ হয়ে পড়েছে। হাসপাতালের বাউন্ডারি দেয়াল মেরামত করাসহ ড্রেন সংস্কারকরণ, মাটি ভরাট এবং হাসপাতালের সম্মুখে রাস্তা মেরামত করা আবশ্যিক। হাসপাতালের বর্জ্য ফেলার জন্য কয়েকটি ডাম্পিং পিট তৈরি করা, ইনসেনিারেটর স্থাপন করা জরুরি। সদর হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ডে (যেটি মূল ভবন হতে আলাদা) সেখানে একটি জেনারেটর অথবা সৌর বিদ্যুতের ব্যবস্থা করা আবশ্যিক। সিভিল সার্জন অফিসের সম্মেলন কক্ষ এবং হাসপাতালের সম্মেলন কক্ষে শীততাপ নিয়ন্ত্রণ ব্যবস্থা করা প্রয়োজন। হাসপাতালের বহির্বিভাগসহ ৮(আট) টি ওয়ার্ডের পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ মাত্র ০৪ জন ঝাড়ুদার দিয়ে চলছে। বহির্বিভাগে রোগীদের বসার জন্য বেঞ্চ দরকার। সদর হাসপাতালে ও সিভিল সার্জন অফিসে সিসি ক্যামেরা সংযুক্ত করে সেবাদান কার্যক্রম আরও গতিশীল করা প্রয়োজন। স্বেচ্ছা অবসরের কারণে ডোম পদটি শূন্য থাকায় পোস্টমর্টেম ব্যাহত হচ্ছে।</p>	<p>১. স্বাভাবিক সেবা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২. বিশেষজ্ঞ চিকিৎসকের শূন্য পদসহ সকল শূন্যপদ পূরণের জন্য জেলা প্রশাসককে অনুলিপি দিয়ে কর্তৃপক্ষকে অনুরোধ পত্র দিতে হবে। ৩. ঝালকাঠি হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ডে জেনারেটর স্থাপন/ সৌরবিদ্যুৎ ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষকে অনুরোধপত্র দিতে হবে।</p> <p><b>বাস্তবায়নে :</b> ১. সিভিল সার্জন, ঝালকাঠি ২. সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝালকাঠি</p>

